

# সামার শিক্ষণে হাসি-আনন্দ!

প্রিয় পরিবারবর্গ,

এই বছর, 3-K এবং প্রি-K ক্লাসরুগুণিতে, শিক্ষার্থীরা নানা ধরনের খেলাধুলা-ভিত্তিক শিক্ষণ অভিজ্ঞতায় সংশ্লিষ্ট হবে। আর্লি লার্নিংয়ে একটি শক্তিশালী ভিত্তি গড়ার জন্য এসবের মধ্যে থাকবে দেহের অঙ্গপ্রত্যঙ্গের ব্যবহার, অনির্ধারিত উপকরণ, বইপত্র, এবং কমপিউটার, পাশাপাশি থাকবে ব্লক এবং ডাইনোসর ফিগার-এর মতো কিছু উপকরণ, যা ব্যবহার করে নির্দিষ্ট কিছু তৈরি করা যায়। আপনার সন্তান এবছর যেসব দক্ষতা অর্জন করেছে, সেগুলি জোরদার করায়ও আপনি সহায়তা দিতে পারেন এবং একসাথে নিচের তালিকাভুক্ত কর্মকাণ্ডগুলি করতে করতে শেখার প্রতি ভালোবাসা তৈরিতে উৎসাহিত করতে পারেন। আপনার সন্তান স্কুলে যা করতে, এই কর্মকাণ্ডগুলি ঠিক সেগুলির মতোই। বিভিন্ন ধরনের খেলা অথবা সরঞ্জাম নিয়ে এই খেলাধুলা করা যেতে পারে এবং এসবের উদ্দেশ্য সক্রিয় এবং আনন্দময় থাকা!

- **পদক্ষেপ গোনা।** কোন একটি নির্দিষ্ট জায়গায় যেতে আপনার সন্তানকে কতটি পদক্ষেপ যেতে হবে সেটি অনুমান করতে তাকে বলুন, যেমন দরজা পর্যন্ত। সে তার অনুমান করার পর, তাকে নির্দিষ্ট জায়গাটিতে যেতে বলুন। প্রয়োজনে তাকে পদক্ষেপ গোনতে সহায়তা দিন। অন্য কেউ ঐ জায়গায় পদক্ষেপ ফেলে গেলে কি একই সংখ্যা দাঁড়াবে? দরজা পর্যন্ত যেতে পদক্ষেপের সংখ্যা পরিবর্তন করতে আপনি আর কী করতে পারেন? আপনি দরজার পরিবর্তে জানালা অথবা গাছ পর্যন্ত জায়গার বদল করতে পারেন।
- **পরিমাপের অনুশীলন করুন।** আপনার সন্তানের হাতের সমান এক টুকরো রশি বা রিবন মেপে নিন এবং সেটি কাটুন। তাকে ঐ রশিটির সমান মাপের জিনিস খুঁজে নিতে বলুন এবং প্রতিটি জিনিসের মাপের সাথে রশিটির মাপের তুলনা করুন। রশিটির দৈর্ঘ্য কি ঐসব জিনিসের চেয়ে খাটো/লম্বা/ অথবা একই দৈর্ঘ্যের? আপনার নিজের হাতের সমান এক টুকরো রশির কথা বিবেচনায় নিয়ে, আপনার সন্তানের সাথে এই কর্মকাণ্ডটি করতেও পারেন।
- **বিভিন্ন আকৃতি খুঁজে নিন।** আপনার আশেপাশের জিনিসগুলির আকৃতির প্রতি নজর দিন। আপনার সন্তানকে বিভিন্ন তল এবং কোণ আছে এমন জিনিস খুঁজে নিতে বলুন এবং তারপর আকৃতির নাম দিতে বলুন। আপনার মহল্লায় হাঁটতে বের হয়ে আপনি কত ভিন্ন ভিন্ন আকৃতি দেখতে পেতে পারেন? একটি কার্ড তৈরি করুন (যা বিংগো কার্ডের মতো) অথবা আপনি যেসব আকৃতির জিনিস দেখেন তার প্রতিটির একটি হিসেব রাখুন।
- **একটি সামার জার্নাল রাখুন।** আপনার সন্তান প্রতিদিন যেসব কাজ করেছে সেগুলি নিয়ে তার সাথে কথা বলুন। দিনের শেষে কয়েক মিনিট সময় নিয়ে তাকে কিছু খোলামেলা প্রশ্ন জিজ্ঞেস করুন, যেমন, কোনটি তোমার সবচেয়ে ভালো লেগেছে? কেন? কোনোটি কি কঠিন অথবা চ্যালেঞ্জিং মনে হয়েছে? কেন? এর ফলে তুমি কেমন বোধ করেছো? ঐসব কর্মকাণ্ড সম্পর্কে আপনার সন্তানের চিন্তা-ভাবনাগুলি টুকে রাখুন এবং তার জার্নালে ছবি যোগ করার পরামর্শও দিন।
- **সংগ্রহ।** আপনার সন্তানকে একটি সংগ্রহশালা গড়ে তুলতে বিভিন্ন জিনিস সংগ্রহ করতে উপদেশ দিন যেমন নানান রকমের জার/পাত্রের ঢাকনা, বিচ থেকে ঝিনুক, পার্ক থেকে নুড়ি ইত্যাদি। আপনার সন্তানের সাথে বিভিন্ন সামগ্রী অনুসন্ধান করুন এবং নানান রকমের প্যাটার্ন তৈরি করতে সেগুলি ব্যবহার এবং সাজানো-গোছানো এবং গানে রাখা প্র্যাকটিস করতে শেখান। প্রতিটি সংগ্রহে কতগুলি আছে তার লেবেল তৈরি করতে বলুন।

- **বর্ণ খুঁজে বের করা** আপনি যেখানে বাস করেন এবং তার বাইরে চারপাশে অক্ষর খুঁজে নিন। অক্ষরগুলির দিকে বিশেষ খেয়াল দিয়ে আপনার সন্তানকে আঙ্গুল দিয়ে পয়েন্ট করে দেখান এবং যেগুলি বিশেষভাবে তার কাছে প্রাসঙ্গিক সেগুলি, যেমন তার এবং পরিবারের কেউ বা বন্ধুদের কারো নামের অদ্যক্ষর। ঐ অক্ষরগুলিতে তুমি কোন্ ধরনের লাইন (রেখা) দেখতে পাচ্ছে? সেগুলি কি সোজা না বাঁকা অথবা উভয় রকমের?
- **প্লে স্টোর**। কেনা বেচার জন্য বিভিন্ন সামগ্রী সংগ্রহ করুন এবং ক্যাশিয়ার এবং ক্রেতার ভূমিকায় অংশ নিন। ক্রেতা কী কিনছে এবং কেন কিনছে সেটি নিয়ে তার সাথে আলোচনা করুন, কতগুলি জিনিস সে কিনছে এবং সেগুলির প্রতিটির এবং সবগুলো মোট মূল্য কত।
- **রিসাইকেলযোগ্য সামগ্রী**। পুনরায় ব্যবহারযোগ্য সামগ্রী যেমন কার্ডবোর্ডের খালি বাক্স এবং পরিষ্কার প্লাস্টিক পাত্র সংগ্রহ করুন, সেগুলো দিয়ে আপনার সন্তানের সাথে বিভিন্ন রকম জিনিস তৈরি করা যাবে। আপনার মহল্লায় বিল্ডিং, গাড়ি, ট্রেন, অথবা অন্য কোন যানবাহন তৈরির কথা ভাবুন যা আপনার সন্তান তৈরি করতে মজা পাবে।
- **সংখ্যার গল্প**। আপনার সন্তানকে একটি ছবি আঁকতে অথবা আপনার বাড়ি অথবা প্রকৃতি থেকে প্রাপ্ত বিভিন্ন জিনিস দিয়ে একটি দৃশ্য তৈরি করতে দিন, যা খেলারমাঠ অথবা বাড়ির দৃশ্যের মতো। একটি কার্ডে একটি সংখ্যা লিখুন এবং আপনার সন্তানকে ঐ দৃশ্যে ঐ সংখ্যার পরিমাণ জিনিস রেখে একটি গল্প বলতে দিন। আরও বাড়তি জিনিস তৈরি এবং যোগ করে গল্পটিকে আরও আনন্দময় করে তুলুন। উদাহরণ হিসেবে, “আমার বাড়িতে পাঁচ জন মানুষ আছে। দুই জন ঘুমুচ্ছে এবং তিনজন ব্রেকফাস্ট খাচ্ছে।”
- **লম্বি করা নিয়ে হাসি-আনন্দ**। লম্বির কাপড়ে একই ধরনের কাপড় বাছাইয়ে সন্তানকে সহায়তা দিন। ঐগুলি ভাঁজ করে গোছানর আগে জোড়ায় জোড়ায় থাকা কাপড়গুলো নিয়ে তার সাথে কথা বলুন।
- **ড্যান্স পার্টি**। আপনার প্রিয় মিউজিক বাজান এবং পালাক্রমে একটি ড্যান্স প্যাটার্ন তৈরি করুন। আপনি শুরু করার সাথে সাথে প্যাটার্ন তৈরি করুন। যেমন, শুরু করুন *স্টেপ, স্টেপ, জাম্প, স্টেপ, স্টেপ, জাম্প, স্টেপ, স্টেপ, জাম্প*। তারপর শেক যোগ করুন যেমন, *স্টেপ, স্টেপ, জাম্প, শেক, স্টেপ, স্টেপ, জাম্প, শেক, স্টেপ, স্টেপ, জাম্প, শেক*।